# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 10.07.2024            Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) কঠোর নিরাপত্তায় রাজ্যের চারটি বিধানসভা আসনের উপ নির্বাচনে আজ ভোট নেওয়া হচ্ছে। # **রায়গঞ্জ, রানাঘাট দক্ষিণ,** বাগদা এবং **মানিকতলা**- এই চারটি আসনে অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে ৭০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

২/ তৃণমূল কংগ্রেস বিধায়ক, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন চেয়ারম্যান মাণিক ভট্টাচার্যের নির্দেশেই ২০১৭-র টেট পরীক্ষার OMR শিট নষ্ট করা হয়েছিল বলে, কলকাতা হাইকোর্টে পর্ষদের আইনজীবী জানিয়েছেন।

৩/ উত্তর ২৪ পরগনার আড়িয়াদহে জয়ন্ত সিং ঘনিষ্ঠ বাপ্পাকে পুলিশ গ্রেপ্তার করেছে।

৪/ দেশের ১১ জন মৎস্যজীবী এবার সেরা মৎস্যচাষীর সম্মান পাচ্ছেন।
# এরাজ্য থেকে শিরোপা পেয়েছেন কোচবিহারের তুফানগঞ্জের সমীর কুমার দত্ত।

৫/ জোড়া ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারী বৃষ্টি হচ্ছে। আজ থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে।

*****************************************************************

কঠোর নিরাপত্তায় রাজ্যের চারটি বিধানসভা আসনে উপ-নির্বাচনে আজ ভোট নেওয়া হচ্ছে।

উত্তর দিনাজপুরের **রায়গঞ্জ**, নদীয়ার **রানাঘাট দক্ষিণ**, উত্তর ২৪ পরগণার **বাগদা** এবং কলকাতার **মানিকতলা**- এই চারটি আসনে ভোট গ্রহণ শুরু হয়েছে সকাল ৭’টায়।

চলবে সন্ধে ৬'টা পর্যন্ত। প্রায় ১০ লক্ষ ভোটদাতার তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করে ৩৫ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন।

অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণ সুনিশ্চিত করতে করতে ৭০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ২০ কোম্পানী মোতায়েন থাকছে বাগদায়। ক্যুইক রেস্পন্স টিম থাকছে মানিকতলায় ৪৯, রানাঘাট দক্ষিণ ও বাগদায় ৩০-টি করে এবং রায়গঞ্জে ৩৮-টি। চার কেন্দ্রে এক হাজার ৯৭ টি বুথেই ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা করা হয়েছে। রানাঘাট দক্ষিণে ৬২-টি, বাগদায় ৩৯, মানিকতলায় ২১ এবং রায়গঞ্জে ২০-টি বুথকে সংকটপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। প্রতিটি কেন্দ্রের জন্য নির্বাচন কমিশন একজন সাধারণ ও একজন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করেছে।

রায়গঞ্জে রয়েছেন আমাদের সংবাদদাতা তন্ময় চক্রবর্তী। তাঁর কাছে জেনে নেব, ভোট কেমন চলছে। (ভিসি- তন্ময় )

বাগদার ভোট নিয়ে আমাদের জেলা সংবাদদাতা পল্লব ঘোষের একটি প্রতিবেদন-

(ভিসি- পল্লব )

রানাঘাট দক্ষিণে ভোট গ্রহণ নিয়ে জানাচ্ছেন আমাদের নদীয়ার সঙ্গবাদদাতা অনুপম মোদক।

(ভিসি- অনুপম )

চারটি আসনেই ভোট গণনা শনিবার, ১৩ই জুলাই।

**********************

কোচবিহারের আরো একটি বিজেপি পরিচালিত গ্রাম পঞ্চায়েতে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে তৃণমূল কংগ্রেস। মেখলিগঞ্জ ব্লকের পার মেখলিগঞ্জ গ্রাম পঞ্চায়েত গত পঞ্চায়েত নির্বাচনে ১৪ টি আসনের মধ্যে তৃণমূল ও বিজেপি পেয়েছিল সাতটি করে আসন। টসের মাধ্যমে প্রধান দুটি পদে জয়ী হয় বিজেপি। গতকাল এই গ্রাম

পঞ্চায়েতের বিজেপি উপপ্রধান তৃণমূল কংগ্রেসে যোগদান করলেন। ফলে তৃণমূলের সংখ্যা বেড়ে হলো আট এবং বিজেপির কমে দাঁড়ালো ছয়টিতে।

উল্লেখ্য, কোচবিহার জেলায় গত পঞ্চায়েত নির্বাচনে ২৪ টি গ্রাম পঞ্চায়েত দখল করেছিল বিজেপি, লোকসভা নির্বাচনের পরাজয়ের পর এর মধ্যে ১৬ টি গ্রাম পঞ্চায়েতে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করল তৃণমূল।

**********************

তৃণমূল কংগ্রেস বিধায়ক, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন চেয়ারম্যান মানিক ভট্টাচার্যের নির্দেশেই ২০১৭-র টেট পরীক্ষার OMR শিট নষ্ট করা হয়েছিল বলে, কলকাতা হাইকোর্টে পর্ষদের আইনজীবী জানিয়েছে। বিচারপতি রাজশেখর মান্থার এজলাসে এই মামলার শুনানির সময় ওই আইনজীবী বলেন, বোর্ডের অন্য কোন সদস্যের সম্মতি ছাড়াই OMR শিট নষ্ট করার সিদ্ধান্ত নিয়েছিলেন মানিক ভট্টাচার্য। কোটি কোটি টাকার শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন পর্ষদ প্রধান এখন জেল হেফাজতে।

এদিকে, হাইকোর্টের নির্দেশে টেটের উধাও OMR শিটের তথ্যের সন্ধানে গতকাল কলকাতার সার্দান এ্যাভেনিউয়ে এস বসু রায় অ্যান্ড কোম্পানির দফতরে ফের হানা দেয় সিবিআই। চলে ম্যারাথন তল্লাশি।

গত শুক্রবারই কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজাশেখর মান্থা বলেছিলেন, ২০১৪-র টেটের OMR শিটের তথ্য উদ্ধার করতে প্রয়োজনে তৃতীয় পক্ষের সাহায্য নিতে পারে সিবিআই। সূত্রের খবর, এস বসু রায় অ্যান্ড কোম্পানির কম্পিউটারে থাকা তথ্য খতিয়ে দেখে ২০১৪ সালের টেট পরীক্ষার OMR শিটের তথ্য খুঁজে বার করার চেষ্টা করছেন বিশেষজ্ঞেরা।

**********************

উত্তর ২৪ পরগনার আড়িয়াদহে জয়ন্ত সিং ঘনিষ্ঠ বাপ্পাকে পুলিশ গতসন্ধ্যায় গ্রেপ্তার করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, জয়ন্তের কাছে বাপ্পা পিস্তলের প্রশিক্ষণ নিচ্ছে- এধরণের একটি ছবি প্রকাশ্যে আসার পর তাকে আটক করা হয়। পরে জিজ্ঞাসাবাদে বয়ানে অসঙ্গতি মেলায় বাপ্পাকে গ্রেপ্তার করা হয়েছে।

উল্লেখ্য, এর আগে আড়িয়াদহের তালতলা স্পোর্টিং ক্লাবের মধ্যে মারধোরের ঘটনায় পুলিশ সুভাষ ও ছোটু নামে আরো দুজনকে গ্রেপ্তার করে। বেলঘরিয়া থানা এবং ব্যারাকপুর পুলিশ কমিশনারেট এ'ব্যাপারে স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে। আগেই জানানো হয়েছে, আড়িয়াদহে মা-ছেলেকে রাস্তায় ফেলে মারধোরের ঘটনায় খবরের শিরোনাম হয়ে ওঠা জয়ন্ত সিং ও তার দলবলের কুকীর্তির আরও ভিডিও প্রকাশ্যে এসেছে। স্থানীয় তালতলা স্পোর্টিং ক্লাবের ভেতরে একজনকে মহিলাকে নৃশংসভাবে লাঠি পেটা করার ভিডিও নিয়ে রাজনৈতিক চাপানউতোর তুঙ্গে। তবে, তৃণমূল কংগ্রেসের দাবি, ভিডিও-টি ২০২১ সালের। এখন এটি প্রকাশ্যে এনে রাজনীতি করা হচ্ছে।

সোশ্যাল মিডিয়ায় ভিডিওটি প্রকাশ হওয়ার পর জাতীয় মহিলা কমিশন, রাজ্য পুলিশের ডিজি-র কাছে তিন দিনের মধ্যে বিশদে 'অ্যাকশন টেকেন রিপোর্ট' তলব করেছে।

**********************

বিধাননগরের সর্দার পাড়ায় গতরাতে ছেলেধরা সন্দেহে তিনজনকে মারধোরের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। পুলিশ আহত অবস্থায় তিনজনকে উদ্ধার করে থানায় নিয়ে যায়। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, ওই তিনজনকে সন্দেহজনকভাবে এলাকায় ঘোরাঘুরি করতে দেখা যায়। তারা একটি বাচ্চাকেও ডাকাডাকি করছিল। এই দেখেই তাঁদের সন্দেহ আরো জোরদার হয়। এরপর উত্তেজিত জনতা অভিযুক্তদের মারধোর শুরু করে।

**********************

হাওড়ার ডোমজুড়ে গত ১১'ই জুন সোনার দোকানে ডাকাতির ঘটনায় এক মহিলা সহ পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে। হাওড়া পুলিশ কমিশনারেট ও বিহারের STF যৌথভাবে বিহারের সমস্তিপুর ও বেগুসরাই জেলার ৫'টি জায়গায় তল্লাশি চালিয়ে এদের গ্রেপ্তার করে।

ধৃত আশাদেবী, রবীন্দ্র সাহানী ওরফে ভুতুয়া, বিকাশ কুমার ঝাঁ ও মনীশ কুমার মাহাতো ওরফে মনিয়া সমস্তিপুরের বাসিন্দা। অন্যদিকে অলোক কুমার পাঠকের

বাড়ি বেগুসরাই-এ। এদের বর্তমানে বিহার পুলিশের হেফাজতে রয়েছে। পশ্চিমবঙ্গে আনার ব্যবস্থা করা হচ্ছে।

**********************

দেশের ১১ জন মৎস্যজীবী এবার সেরা মৎস্যচাষী সম্মান পাচ্ছেন। জাতীয় মৎস্য চাষী দিবস উপলক্ষে আজ ব্যারাকপুরে কেন্দ্রীয় অন্তর্দেশীয় মৎস্য গবেষণা সংস্থা, প্রাপকদের হাতে এই পুরস্কার তুলে দেবে।

১৯৫৭ সালে আজকের দিনেই ডঃ হীরালাল চৌধুরী মাছের কৃত্রিম প্রজননে সফল হন। উল্লেখযোগ্য এই কৃতিত্বকে স্মরণে রাখতে ২০০০ সাল থেকে সারাদেশে দিনটি উদযাপিত হয়ে আসছে। সংস্থার ডিরেক্টর বসন্তকুমার দাস আকাশবাণীকে বলেন, মনিপুর কেরালা গুজরাট পশ্চিমবঙ্গ উত্তর প্রদেশ বিহার ঝাড়খন্ড এবং ওড়িশা থেকে নির্বাচিত এগারো জন মৎস্যজীবী এবার সেরার সম্মান পাচ্ছেন।

কোচবিহার জেলার তুফানগঞ্জের বাসিন্দা সমীর কুমার দত্ত এ'রাজ্য থেকে সেরার শিরোপা পেয়েছেন। পুরস্কার গ্রহণের প্রাক্কালে তিনি আকাশবাণীকে বলেন-

( বাইট- সমীর কুমার দত্ত)

**********************

রাজ্য সরকার একলপ্তে চারশোর বেশি ভূমি আধিকারিককে বদলি নির্দেশ জারি করেছে। এদের মধ্যে ডেপুটি ডিরেক্টর থেকে শুরু করে স্পেশাল রেভিনিউ অফিসার পদমর্যাদার আধিকারিকেরা রয়েছেন। সম্প্রতি ভূমি ও ভূমি সংস্কার দফতরের কাজ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির ক্ষোভ প্রকাশ করার প্রেক্ষিতে এই পদক্ষেপ তাৎপর্যপূর্ণ।

সরকারী সূত্রে জানা গেছে, ৪১৩ জন ভূমি আধিকারিককে বদলি করা হয়েছে। এর মধ্যে ২৯ জন ডেপুটি ডিরেক্টর ও ২০৫ জন অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পদমর্যাদার। একই সঙ্গে ১৭৯ জন স্পেশাল রিসার্চ অফিসারের বদলির নির্দেশও জারি করা হয়েছে ।

উল্লেখ্য, ভূমি দফতরের কাজ নিয়ে একাধিকবার ক্ষোভ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। সম্প্রতি তিনি সিনিয়র আইএস আধিকারিক বিবেক কুমারকে ভূমি সচিব পদের দায়িত্ব দেন। ভূমি ও ভূমিসংস্কার দফতরের একাংশের কর্মীর ভূমিকায়

মুখ্যমন্ত্রীর ক্ষোভ প্রকাশের প্রেক্ষিতে ওই সব আধিকারিকদের কাজকর্মের ওপর নজরদারি চালাতে গঠিত কমিটিকে আরও তৎপর হতেও রাজ্য সরকার নির্দেশ দিয়েছে।

***********************

GTA-র হাতে থাকা সরকারি সম্পত্তি অনৈতিক ভাবে বেসরকারি সংস্থাকে বিক্রী করে দেওয়া হচ্ছে অভিযোগ জানিয়ে 'গোর্খা জনমুক্তি মোর্চা' নেতা বিমল গুরুং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন। GTA পরিচালন সমিতির কিছু নেতা সরকারি সম্পত্তি অনৈতিকভাবে লিজ দিচ্ছে বলেও তিনি চিঠিতে উল্লেখ করেছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। GTA-র হাতে থাকা অন্তত নয়টি পর্যটন বাংলো বেসরকারি সংস্থাকে অত্যন্ত কম দামে বিক্রি করে দেওয়া হয়েছে বলে উল্লেখ করে তিনি এই বিষয়ে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করেছেন।

***********************

জোড়া ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারী বৃষ্টি হচ্ছে। আজ থেকে বৃষ্টির পরিমাণ আরো বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে।

দার্জিলিং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় আজ অতিভারী বৃষ্টির এবং কালিম্পং ও কোচবিহার জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে। উত্তর দিনাজপুরে জারি হয়েছে ভারী বৃষ্টির হলুদ সতর্কতা।

এদিকে, প্রবল বৃষ্টিতে তিস্তার জলে জলপাইগুড়ির রাজগঞ্জ ব্লকের লালটং বস্তি ও চমকডাঙ্গি গ্রাম দুটি ভেসে গেছে। এর ফলে নিরাশ্রয় হয়ে পড়েছে ৩৬ টি পরিবার।

জলপাইগুড়ির জেলা সভাধিপতি কৃষ্ণা রায়বর্মণ, রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায় গতকাল দুর্গত এলাকা ঘুরে দেখেন।

এদিকে সেচ প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন গতকাল জলপাইগুড়ির ময়নাগুড়ি ব্লকের ধর্মপুর গ্রাম পঞ্চায়েতের তিস্তা নদীর ভাঙ্গন কবলিত এলাকা পরিদর্শন করেন।

*************************************************************